

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০১০০.০১৭.২৭.০০২.১৫. ১৬৬

তারিখ : ০৭ জৈষ্ঠ্য, ১৪২৪ বঙ্গাব্দ।
২১ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার খোন্তাকাটা ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সদস্য জনাব জাকির হোসেন গাজী যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না করে সৌদি আরব গমন করে সেখানে অবস্থান করছেন এবং যুক্তিসংগত কারণ ব্যতিরেকে বিগত ০৪ মাস যাবৎ পরিষদের সভায় অনুপস্থিত রয়েছেন বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(জ) ও ৩৪(৪)(ক) অনুযায়ী উক্ত সদস্যকে তার স্থায় পদ হতে উল্লিখিত আইনের ৩৪(৫) ধারা মোতাবেক অপসারণ করা হলো।

০২। বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার খোন্তাকাটা ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সদস্য জনাব জাকির হোসেন গাজীকে ইউনিয়ন পরিষদের সদস্য পদ হতে অপসারণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(২) মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাটকে উক্ত পদটি শূন্য ঘোষণা করে গেজেট বিজ্ঞপ্তি জারী করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলাঃ শরণখোলা
জেলাঃ বাগেরহাট।

স্মারক নং-৪৬.০০.০১০০.০১৭.২৭.০০২.১৫. ১৬৬

তারিখ : ০৭ জৈষ্ঠ্য, ১৪২৪ বঙ্গাব্দ।
২১ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, বাগেরহাট।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব